

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৩, ২০২৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ ফাল্গুন ১৪২৯/০২ মার্চ ২০২৩

নং বিআরপিডি(আর-১) (ল'রিভিউ)৭১৭/২০২৩-১৯৬৮—ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বিদ্যুৎ উৎপাদনে প্রয়োজনীয় অর্থ সরবরাহ নির্বিঘ্ন রাখিবার লক্ষ্যে উক্ত খাতে জ্বালানী তেলসহ অন্যান্য কাঁচামাল আমদানীর জন্য বিদ্যুৎ উৎপাদনকারী কোনো একক ব্যক্তি, প্রতিষ্ঠান বা গ্রুপকে কোনো ব্যাংক কর্তৃক ঋণ প্রদানে বাংলাদেশ ব্যাংক হইতে অনুমোদন প্রদানের ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬খ(১) ধারার শর্তাংশে বর্ণিত নিষেধাজ্ঞা আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত কার্যকর হইবে না। তবে, ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬খ(১) ধারার শর্তাংশে উল্লিখিত ২৫% উর্ধ্বসীমার স্থলে আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত উর্ধ্বসীমা কত হইবে তাহা বাংলাদেশ ব্যাংক নির্ধারণ করিবে।

আবু ফরাহ মোঃ নাছের

ডেপুটি গভর্নর

বাংলাদেশ ব্যাংক।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৪৩৭৩)

মূল্য : টাকা ৪.০০